দৈনিক বাংলা

তারিখ ... ৭।৭।৮২ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ১ ...



# বোর্ডের পরীক্ষার ফল গণনায় কম্পিউটার

॥ সন্দীপ ব্যানার্জি ॥

দেশের শিক্ষা বোর্ডগুলি আগামী বছর থেকে পরীক্ষার ফল গণনার ব্যাপারে কম্পিউটারের সাহায্য গ্রহণের কথা চিন্তা-ভাবনা করছে। কম্পিউটারের সাহায্য নেয়া হলে বোর্ডগুলি অপেক্ষাকৃত কম সময়ের মধ্যেও নির্ভুলভাবে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ করতে পারবে।

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পরামর্শক্রমে বোর্ডগুলি এই চিন্তা-ভাবনা করছে। বোর্ডগুলি কম্পিউটারের সাহায্যে আপাতত টেবুলেশনের কাজ সম্পন্ন করবে। পরবর্তীতে পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করে সম্পূর্ণ ফলাফল পাশ্চাত্য দেশসমূহের অনুরূপ পদ্ধতি অনুযায়ী প্রকাশের বিষয়টিও সংশ্লিষ্ট মহলের বিবে-

(শেষ পৃঃ ১-এর ৪ কঃ)

## কম্পিউটার

(১-এর পৃঃ পর)

চনাধীন রয়েছে।

কম্পিউটারের মাধ্যমে ফল প্রকাশের ব্যবস্থা নেয়া হলে যেমন দ্রুত ফল প্রকাশ করা যাবে, তেমনি ফল প্রকাশে ত্রুটি-বিচ্যুতি হবার সম্ভাবনা থাকবে খুব কম। এছাড়া থাকবে গোপনীয়তা রক্ষার নিশ্চয়তা।

নির্ভরযোগ্য সূত্রের খবরঃ শিক্ষা বোর্ডগুলিতে কম্পিউটারের মাধ্যমে ফল প্রকাশের জন্য সংশ্লিষ্ট কর্মচারীদের প্রশিক্ষণ দেয়ার উদ্যোগ নেয়া হচ্ছে। এছাড়া বোর্ডগুলি বিদেশ থেকে কম্পিউটার মেশিন আমদানীর ব্যবস্থা নিচ্ছে। এরই মধ্যে শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান সংস্থা থেকে একটি কম্পিউটার মেশিন আমদানীর ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, ব্যাংকিং ব্যবস্থাপনা প্রতিষ্ঠানেও রয়েছে কম্পিউটার মেশিন। কম্পিউটার মেশিন বিদেশ থেকে আনতে দেরী হলে প্রাথমিক ভিত্তিতে এসব কম্পিউটার মেশিন ব্যবহারের বিষয়ও বোর্ডগুলি চিন্তা-ভাবনা করছে।